গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মাগুরা
প্রোগ্রামার এর দপ্তর

...

---

| | |
|---|---|
| সভাপতি | ড. আশরাফুল আলম<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ১৭.০৫.২০২২ খ্রিস্টাব্দ |
| সভার সময় | সকাল ১১ঃ৩০ টা |
| স্থান | অনলাইন জুম প্লাটফরম |
| উপস্থিতি | ... |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি তথ্য প্রযুক্তি নির্ভর সমাজ গড়ার লক্ষ্যে ছাত্র-ছাত্রীদের তথ্য প্রযুক্তি তথা কম্পিউটার জ্ঞান আহরণের অপরিহার্যতা তুলে ধরেন। সভাপতির অনুমতিক্রমে প্রোগ্রামার, মাগুরা কমিটির সংক্ষিপ্ত চিত্র তুলে ধরেন এবং সবাইকে মতামত প্রদানের জন্য অনুরোধ করেন। সদস্যগণ এ বিষয়ে তাদের গৃহীত কার্যক্রমসমূহ সভায় উপস্থাপন করেন এবং আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **১.পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ:** সভাপতির সম্মতিক্রমে প্রোগ্রামার,মাগুরা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। | ১. কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্মসম্মতিক্রমে দৃঢ়ীকরণ হয়। | |
| **২. ডিজিটাল কনটেন্ট:** ডিজিটাল কনটেন্ট উপস্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। যে সকল শিক্ষা প্রতিষ্ঠান এম এম সি তে নবন্ধিত নয় সে সকল প্রতিষ্ঠেনের নিবন্ধনের বিষয়ে আলোচনা হয়। | ২.১. নিয়মিত অনলাইনে ক্লাশ পরিচালনা ও অনলাইন এমএসসি সিস্টেমে তথ্য আপলোডের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২.২। অনলাইনের ডিজিটাল কনটেন্ট ব্যবহারের ক্ষেত্রে মানসম্মত কনটেন্ট ব্যবহার করতে হবে।<br>২.৩। সকল শিক্ষা প্রতিষ্ঠান কে এম এম সি তে নিবন্ধন এর উদ্যেগ গ্রহণ করতে হবে। | স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, জেলা শিক্ষা অফিসার ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার |
| **৩. ই-সেবা কার্যক্রম:** প্রোগ্রামার, মাগুরা জানান মাগুরা জেলার জেলা পর্যায়ের ৩৯ টি দপ্তর নথি সিস্টেমে লাইভে আছে। জেলা/উপজেলা পর্যায়ের সকল দপ্তরকে লাইভে নিয়ে আসার বিষয়ে আলোচনা করা হয় কিন্তু বর্তমানে ই-নথি সিস্টেমে লাইভে প্রদান বন্ধ থাকায় সকল অফিস কে লাইভে নিয়ে সম্ভব হচ্ছে না। | ৩.১. উপজেলা পর্যায়ে ই-নথি সিস্টেম বাস্তবায়নে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩.২. জেলা পর্যায়ে সকল দপ্তরে নথি সিস্টেমের সর্বাধিক ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>৩.৩। ই-নথি সিস্টেমে লাইভে প্রদান কার্যক্রম চালু হলে সকল দপ্তরকে লাইভ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), সহকারী প্রোগ্রামার (সকল), প্রোগ্রামার, মাগুরা ও স্ব স্ব দপ্তর পধান। |

| | | |
|---|---|---|
| **৪. ওয়েব পোর্টাল:** জেলা, উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টাল নিয়ে আলোচনা করা হয়। প্রোগ্রামার, মাগুরা সকল দপ্তর কে জাতীয় তথ্য বাতায়ন বিষয়ক প্রশিক্ষণ ,আইডি ও পাসওয়ার্ড প্রদান এবং তথ্য হালনাগাদের জন্য পত্র প্রদান করা হয়েছে। | ৪.১। জেলা পর্যায়ের সকল দপ্তরকে জাতীয় তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করতে হবে।<br>৪.২। সকল দপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের তথ্য হালনাগাদ করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সহকারী কমিশনার (আইসিটি), প্রোগ্রামার, মাগুরা, স্ব স্ব দপ্তর প্রধান। |
| **৫.আউটসোর্সিং/ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ:**<br>বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃক বাস্তবায়নাধীন শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার স্থাপন প্রকল্পের আওতায় আয়োজিত আইটি/আইটিইএস বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচি চালু রয়েছে। উক্ত প্রকল্পের সহকারী প্রোগ্রামার জানান ইতোমধ্যে ৮০০ জন প্রশিক্ষনার্থির প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। বর্তমানে ৪৫০ জনের প্রশিক্ষণটি জুম প্লাটফরম এর মাধ্যমে পরিচালিত হচ্ছে। চলমান প্রশিক্ষণের সকল প্রশিক্ষণার্থিদের ইংরেজী ভাষার পরীক্ষা ব্রিটিশ কাউন্সিল এর মাধ্যমে গ্রহণ করা হয়েছে। বর্তমানে ফ্রিল্যান্সিং এর টেকনিক্যাল বিষয়ে প্রশিক্ষণ চলমান রয়েছে। | ৫.১ ফ্রিল্যান্সিং / বেসিক কম্পিউটার প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) / প্রোগ্রামার, মাগুরা এর সাথে সমন্বময় করতে হবে।<br>৫.২। সকল প্রশিক্ষনার্থীদের প্রশিক্ষণ এর নির্দিষ্ট কোর্স শেষে পরীক্ষা গ্রহণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৫.৩। সঠিকভাবে প্রশিক্ষণ হচ্ছে কিনা সে বিষয়ে মনিটরিং করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সহকারী প্রোগ্রামার, শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার স্থাপন প্রকল্প। |
| **৬।শেখ রাসেল ডিজিটাল ল্যাবঃ** প্রোগ্রামার, মাগুরা জানান মাগুরা জেলাতে বর্তমানে ৩৮ টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব রয়েছে। সংশ্লিষ্ট উপজেলা সহকারী প্রোগ্রামার, প্রোগ্রামার এবং শিক্ষা অফিসের কর্মকর্তাবৃন্দ নিয়মিত ভাবে ল্যাবগুলো পরিদর্শন করে থাকেন। নতুন করে ৩০ টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও ০২ টি স্কুল অফ ভিউচার স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। সকল ল্যাবে ল্যাপটপ,আসবাবপত্র ও এলইডি ডিসপ্লে সিস্টেম স্থাপন করা হয়েছে। | ৬.১। নিয়মিতভাবে ল্যাবগুলো পরিদর্শন ও ল্যাবগুলো অধিকতর কার্যকর করতে হবে।<br>৬.৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর নির্দেশনা অনুযায়ী ল্যাবের সকল ইকুপমেন্টস স্থাপন করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), উপজেলা নির্বাহী অফিসার (সকল) , জেলা শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান |
| **৭। আইসিটি অবকাঠামোগত কার্যক্রমঃ**<br>মাগুরা জেলাতে ইনফো-সরকার ২ প্রকল্পের আওতায় ১৭৪ টি সরকারি দপ্তরে ইন্টারনেট কানেকশন প্রদান করা হয়। এই মাসে কোন দপ্তর থেকে ইনফো-সরকার ২ প্রকল্পের ইন্টারনেট সংযোগ সংক্রান্ত ০৬ টি অভিযোগ পাওয়া গেছে এবং তা নিষ্পত্তি করা হয়েছে। সদর উপজেলার ইউনিয়ন পরিষদে বিটিসিএল কর্তৃক স্থাপিত ইন্টারনেট কানেকশন বিষয়ে আলোচনা করা হয়। | ৭.১ ইনফো-সরকার-২ প্রকল্পের আওতায় সকল দপ্তরের ইন্টারনেট কানেকশন দ্রুত সচল রাখতে হবে।<br>৭.২। ইনফো-সরকার-২, ইনফো সরকার-৩ প্রকল্পের আওতায় ইন্টারনেট কানেকশন সংক্রান্ত কোন অভিযোগ পেলে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৭.৩। বিটিসিএল কর্তৃক একজন ফোকাল পয়েন্ট নির্বাচিত করে সদর উপজেলার সকল ইউপি কে পত্র প্রেরণ করতে হবে। | সামিট কমিনিকেশন লিঃ, ফরিদপুর শাখা, উজ্জল দত্ত, স্টার ক্যাবলস লিঃ, প্রোগ্রামার, মাগুরা |

| | | |
|---|---|---|
| **৮। শেখ কামাল আইটি ইনকিউবেশন সেন্টারঃ** সহকারী প্রোগ্রামার, শেখ কামাল আইটি ইনকিউবেশন সেন্টার মাগুরা জানান ইতোমধ্যে শেখ কামাল আইটি ইনকিউবেশন সেন্টার এর মূল ভবন - ৮৫%, ক্যান্টিন - ৭০%, বিদ্যুৎ এর সাবস্টেশন-৭৫% কার্যক্রম সম্পন্ন হয়েছে। | ৮.১। সকল কার্যক্রম নিয়মানুযায়ী পরিচালনাসহ জেলা প্রশাসক, মাগুরা মহোদয়কে হালনাগাদ তথ্য প্রদান করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সহকারী প্রোগ্রামার, শেখ কামাল আইটি ইনকিউবেশন সেন্টার |
| **০৯। আইসিটি ইনোভেশনঃ** জেলা প্রশাসক, মাগুরা মহোদয় আইসিটি সংক্রান্ত ইনোভেশনের উপর জোর গুরুত্ব আরোপ করেন। মাগুরা জেলাধীন সরকারী/ বেসরকারী বিভিন্ন দপ্তর, সংস্থা / ব্যক্তি পর্যায়ে আইসিটি ইনোভেশন গ্রহণ করার ব্যাপারে আলোচনা করা হয়। জেলা প্রশাসকের কার্যালয়ে সেবা গ্রহণের জন্য আগত সকল শ্রেণির মানুষের সেবা প্রাপ্তির বিষয়টি সহজ ও ঝামেলামুক্ত করার জন্য **"ডিজিটাল এপয়েন্টমেন্ট, কমপ্লেইন্ট ম্যানেজমেন্ট এবং কুইক সার্ভিস ডেলিভারি পয়েন্ট"** ইনোভেশন প্রসংগে আলোচনা হয়। | ৯.১। **ডিজিটাল এপয়েন্টমেন্ট, কমপ্লেইন্ট ম্যানেজমেন্ট এবং কুইক সার্ভিস ডেলিভারি পয়েন্ট"** ইনোভেশনটি মনিটরিং করতে হবে।<br>৯.২। ইছাখাদা শহীদ আঃ মোতালেব মাধ্যমিক বিদ্যালয়, আগামী সভায় একটি ভালো উদ্যোগ/ইনোভেশন সংক্রান্ত পাওয়ার পয়েন্ট প্রজেন্টেশন উপস্থাপন করবেন।<br>৯.৩। জনস্বার্থে আইসিটি ইনোভেশন গ্রহণ করতে হবে। | স্ব স্ব দপ্তর/ সংস্থা প্রধান |
| **১০। জেলা পর্যায়ে ব্যবহৃত গুরুত্বপুর্ণ Apps:** জনস্বার্থে তৈরীকৃত সকল ধরণের Apps/Upgradation Technology গ্রহণ করার বিষয়ে আলোচনা হয়। এ ব্যাপারে জেলা প্রশাসক, মাগুরা মহোদয় কোভিড-19 টিকার নিবন্ধনের জন্য আইসিটি বিভাগ কতৃক তৈরীকৃত "সুরক্ষা" App/ ওয়েব সাইট (www.surrukkho.gov.bd) ব্যবহার করে নিবন্ধন করার ব্যাপারে নির্দেশনা প্রদান করেন। এছাড়া টিকাগ্রহণকারী ব্যক্তিদের ভূল তথ্য প্রমাণক থাকা শর্তে সংশোধন করা বিষয়ে আলোচনা করা হয়। | ১০.১। কোভিড -১৯ টিকার নিবন্ধনের জন্য "সুরক্ষা" apps/ ওয়েব সাইট (www.surrukkho.gov.bd), কৃষি তথ্যের জন্য কৃষকের জানালা, জমি সংক্রান্ত e-porcha, উত্তরাধিকার ক্যালকুলেটর, হট লাইন নাম্বার (৯৯৯,৩৩৩) ব্যবহার করতে হবে এবং ব্যবহার বৃদ্ধিতে প্রচার প্রচারণা বৃদ্ধি করতে হবে।<br>১০.২। টিকা গ্রহণকারী ব্যক্তিদের প্রমাণক জমা প্রদান শর্তে ভুল তথ্য সংশোধন করতে হবে।<br>১০.২। কোভিড-১৯ নিয়ন্ত্রনে সহায়ক/ সরকারী কাজে ব্যবহৃত সকল ধরণের apps যেমনঃ উত্তরাধিকার ক্যালকুলেটর, কৃষকের জানালা ও অন্যান্য Upgradation Technology ব্যবহার করতে হবে। | স্ব স্ব দপ্তর/ সংস্থা প্রধান/ প্রোগ্রামার,মাগুরা |
| **১১। জেলা ব্রান্ডিং সংক্রান্তঃ** অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), মাগুরা মহোদয় জেলা ব্রান্ডিং এর প্রচার প্রচারণা নিয়ে বিস্তারিত আলোচনা করেন।<br>প্রোগ্রামার ,মাগুরা জানান জেলা ব্রান্ডিং বুক" জাতীয় তথ্য বাতায়নে প্রকাশ করা হয়েছে। | ১১.১। মাগুরা জেলার ব্রান্ডিং সকল পণ্যের সোশ্যাল মিডিয়া ও জাতীয় তথ্য বাতায়নে প্রচার প্রচারণা বৃদ্ধি করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), উপজেলা নির্বাহী অফিসার (সকল), মাগুরা, প্রোগ্রামার,মাগুরা, সহঃ প্রোগ্রামার (সকল),মাগুরা |

| | | |
|---|---|---|
| ১২। **Content তৈরী ও প্রচার প্রচারণাঃ** মাননীয় প্রধানমন্ত্রী কার্যালয় কর্তৃক বাস্তবায়িত আশ্রায়ন প্রকল্পের মাধ্যমে আবাসন সংক্রান্ত Content তৈরী, Video Content তৈরী ও প্রচার প্রচারণা সংক্রান্ত আলোচনা করা হয়। | ১২.১। আশ্রায়ন প্রকল্পের মাধ্যমে আবাসন সংক্রান্ত Content/Video Content তৈরী করতে হবে।<br>১২.২। আবাসন সংক্রান্ত Content এর সোশ্যাল মিডিয়া ও জাতীয় তথ্য বাতায়নে প্রচার প্রচারণা বৃদ্ধি করতে হবে।<br>১২.৩। আবাসন সংক্রান্ত Content জাতীয় তথ্য বাতায়নে প্রকাশ করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), উপজেলা নির্বাহী অফিসার (সকল), মাগুরা, প্রোগ্রামার,মাগুরা, সহঃ প্রোগ্রামার (সকল),মাগুরা |
| ১৩। **বিবিধ:** শিক্ষা মন্ত্রনালয়ের ল্যাব পরিচালনা নীতিমালা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের কম্পিউটার ল্যাব পরিচালনা বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া কম্পিউটার ল্যাবের ল্যাপটপগুলো সচল রাখার জন্য সপ্তাহে অন্তত একদিন ল্যাব চালু রাখার বিষয়ে আলোচনা করা হয়।<br>অনুপস্থিত সকল সদস্য কে জেলা আইসিটি কমিটির মাসিক সমন্বয় সভায় উপস্থিত থাকার বিষয়ে গুরুত্ব আরোপ হয়। | ১৩.১। শিক্ষা মন্ত্রনালয়ের ল্যাব পরিচালনা নীতিমালা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের কম্পিউটার ল্যাব পরিচালনা করতে হবে।<br>১৩.২। সভাপতি মহোদয় সকল নির্দেশনা বাস্তবায়নের অনুরোধ করেন। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), উপজেলা নির্বাহী অফিসার (সকল), জেলা শিক্ষা অফিসার ), উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, প্রোগ্রামার, মাগুরা। |

পরিশেষ আইসিটি বিষয়ক সরকারি সিদ্ধান্ত বাস্তবায়নে সকলকে আরো তৎপর হওয়ার আহ্বান জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষনা করেন।

ড. আশরাফুল আলম
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ৫৬.০৪.৫৫০০.০০০.০৬.০০১.২০.১৫

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ ১৪২৯
১১ জুন ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মাননীয় সংসদ সদস্য, মাগুরা - ১

২) মাননীয় সংসদ সদস্য , মাগুরা - ২

৩) সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার (৫ম তলা), ই-১৪/এক্স, আগারগাঁও, ঢাকা।

৪) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার (১০ম তলা), ই-১৪/এক্স, আগারগাঁও, ঢাকা।

৫) বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।

৬) উপজেলা নির্বাহী অফিসার (সকল), মাগুরা

৭) -------------------------------------, মাগুরা

মোঃ আবুল কাসেম পলাশ
প্রোগ্রামার